

বাকুবির ৯৬ কর্মচারীর নিয়োগ বাতিল

তদন্তে নিয়োগে অনিয়মের প্রমাণ

■ বাকুবির সংবাদদাতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকুবি) আলোচিত সেই ৯৬ জন ৩য় ও ৪র্থ শ্রেণী পদমর্যাদার কর্মচারীর নিয়োগ বাতিল করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। তদন্তে তাদের নিয়োগ প্রক্রিয়ায় অনিয়মের প্রমাণ পাওয়ায় তাদের নিয়োগ বাতিল করা হয়েছে। গতকাল এক বিজ্ঞপ্তিতে এ আদেশ দেয়া হয়।

চলতি বছরের ২৬ ফেব্রুয়ারি ড. রফিকুল হক উপাচার্যের দায়িত্বে থাকার সময় ২৮৭ কর্মচারী নিয়োগে বিজ্ঞপ্তি প্রকাশ করে ৩১৩ জনকে নিয়োগ দেয়া হয়। এই নিয়োগে অর্থ লেনদেনের অভ্যুৎপাদন গঠে। নিয়োগ বাতিলের দাবি জানিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনে (ইউজিসি) আবেদন করেন শিক্ষকদের একটি অংশ। এ দাবির প্রেক্ষিতে নিয়োগ প্রক্রিয়া স্থগিত রাখতে অনুরোধ জানায় ইউজিসি। এ সময় শিক্ষকদের তীব্র আন্দোলনের মুখে ৭ এপ্রিল পদত্যাগ করেন উপাচার্য ড. মো. রফিকুল হক। পরে

চলতি বছরের ২৬
ফেব্রুয়ারি ২৮৭
কর্মচারী নিয়োগের
বিজ্ঞপ্তি প্রকাশ করে
৩১৩ জনকে নিয়োগ
দেয়া হয়

অধ্যাপক ড. মু. আবুল কাশেমকে প্রধান করে একটি তদন্ত কমিটি গঠন করেন নতুন উপাচার্য ড. মো. আলী আকবর। ওই তদন্তে অনিয়মের প্রমাণ পাওয়ায় তাদের নিয়োগ বাতিল করার সুপারিশ করে প্রতিবেদন জমা দেয়া হয়। সুপারিশ অনুযায়ী তাদের নিয়োগ বাতিল করা হয়েছে। তবে এই বিষয়ে কোন কথা বলতে রাজি হননি ওই তদন্ত কমিটির প্রধান ড. মু. আবুল কাশেম।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. সাইফুল ইসলাম বলেন, তদন্তে ওই নিয়োগ প্রক্রিয়ায় অনেক কর্মচারীর ব্যাংক ড্রাফট না থাকা, একই ব্যক্তির ৩য় ও ৪র্থ শ্রেণীতে নিয়োগ হওয়াসহ নানা অনিয়ম পাওয়ায় ৯৬ জনের নিয়োগ বাতিল করা হয়েছে। এ বিষয়ে ভারপ্রাপ্ত উপাচার্য ড. মো. আফজাল হোসেন জানান, তদন্ত সাপেক্ষে তাদের বাদ দেয়া হয়েছে।